গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**[আদেশ]**

আদেশ নং- ৫১/২০২৬/কাস্টমস/৫১৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানি।**

টেক্সটাইল শিল্পের বিদ্যমান সমস্যা পর্যালোচনা ও সমাধানের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১ম সভা গত ২০/০৮/২০২৬ খ্রি. তারিখে মাননীয় বাণিজ্য মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানির সুযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে স্থানীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ এবং প্রকৃত রপ্তানিকারকদের কাঁচামাল প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার করা হলো এবং ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রকৃত রপ্তানিকারকগণকে নিম্নোক্ত শর্তে উক্ত সুতা আমদানির সুযোগ প্রদান করা হলো:

ক) বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমএ-এর প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনে দাখিল করতে হবে;
খ) আমদানি পর্যায়ে প্রযোজ্য শুল্ক ও করের সমপরিমান নিঃশর্ত ও অব্যহত ব্যাংক গ্যারান্টি সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনে দাখিল করতে হবে; এবং
গ) খালাসকৃত কাঁচামাল দ্বারা প্রস্তুতকৃত পণ্য সম্পূর্ণরূপে রপ্তানি হওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রের ভিত্তিতে উক্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্তযোগ্য হবে।

২। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। তবে, এ আদেশ জারির তারিখের পূর্বে জাহাজীকরণকৃত পণ্যচালানের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

০৭.০৯.২৬
**[কাজী রায়হানুজ্জামান]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
২-৪। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
৫-১২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও/ভোমরা।
১৩-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
২৯। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
৩০-৩৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৩৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৩৫। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৩৬-৩৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
৪০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (**আদেশের আলোকে Asycuda World System-এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ**)।
৪১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
৪২। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
৪৩। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), লেভেল-৬, ইউটিসি ভবন, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০৫৬.০২.০১৬.২৫/৫১৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৩। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৪-৫। অফিস কপি/গার্ড কপি।

।।

**[কাজী রায়হানুজ্জামান]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)